দৈনিক
আমাদের সময়

তারিখ ... 07 AUG 2016 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৪ ...

# জাবিতে ক্লাস থেকে শিক্ষার্থীকে তুলে নেওয়ার অভিযোগ

**জাবি প্রতিনিধি ●**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শিক্ষার্থী মোশাররফকে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য পরিচয়ে ক্লাস থেকে তুলে নিয়ে যাওয়া হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের গণিত ও পরিসংখ্যান ভবনের একটি শ্রেণিকক্ষ থেকে ক্লাস চলাকালে জিজ্ঞাসাবাদের কথা বলে তাকে নিয়ে যাওয়া হয়।

জানা গেছে, গতকাল দুপুর পৌনে ১টার দিকে বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির (আইআইটি) তৃতীয় বর্ষের শিক্ষার্থী মোশাররফকে নিয়ে যায় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য পরিচয় কিছু লোক।

আইআইটির সহকারী অধ্যাপক মোহাম্মদ আবু ইউসুফ সাংবাদিকদের বলেন, তৃতীয় বর্ষের শিক্ষার্থীদের সঙ্গে আমার ক্লাস চলাকালে কয়েকজন এসে শিক্ষার্থী মোশাররফের এরপর পৃষ্ঠা ৯, কলাম ১

## জাবিতে ক্লাস

(শেষ পৃষ্ঠার পর) খোঁজ করে। এ সময় তারা বলে, 'তাকে আমরা জিজ্ঞাসাবাদ করব। ভিসির অনুমতি নিয়েছি।' তারপর তারা ওই শিক্ষার্থীকে নিয়ে চলে যায়। এর বেশি কিছু আমি জানি না। প্রত্যক্ষদর্শী জানায়, আগন্তুকরা ওই ছেলেকে আইআইটি ভবনের সামনে দাঁড় করানো একটি গাড়িতে করে নিয়ে যায়। এ বিষয়ে জানতে চাইলে প্রক্টর অধ্যাপক তপন কুমার সাহা বলেন, আমি এ বিষয়ে কিছু শুনিনি এবং জানি না।

এ বিষয়ে জানতে উপাচার্যকে ফোন করলে তা রিসিভ করেননি।